আজি কাঁদে কারা ওই শুনা যায়, অনাথেরা কোথা করে হায়- হায়,
দিন মাস যায়, বরষ ফুরায়– ফুরাবে না হাহাকার ?।
ওই কারা চেয়ে শূন্য নয়ানে সুখ-আশা-হীন নববর্ষ-পানে,
কারা শুয়ে শুষ্ক ভূমিশয়ানে– মরুময় চারিধার ॥
আশ্বাসবচন সকলেরে ক'য়ে এসেছিল বর্ষ কত আশা লয়ে,
কত আশা দ'লে আজ যায় চ'লে– শূন্য কত পরিবার ।
কত অভাগার জীবনসম্বল মুছে লয়ে গেল, রেখে অশ্রুজল–
নব বরষের উদয়ের পথে রেখে গেল অন্ধকার ॥
হায়, গৃহে যার নাই অন্নকণা মানুষের প্রেম তাও কি পাবে না–
আজি নাই কি রে কাতরের তরে করুণার অশ্রুধার ।
কেঁদে বলো, 'নাথ, দুঃখ দূরে যাক, তাপিত ধরার হৃদয় জুড়াক–
বর্ষ যদি যায় সাথে লয়ে যাক বরষের শোকভার ।'

---

Parjaay: Anushthanik, Taal: Ektaal, Raag: Behaag
Visit www.geetabitan.com for notation and other detail